

বর্ধমান মিউনিসিপ্যাল হাই স্কুল

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

তারিখ- ১৮-৫-২০১৯

(অন্য বিদ্যালয় থেকে আগত বাংলা মাধ্যম বিজ্ঞান বিভাগের আসন-৩০)

অন্য বিদ্যালয় থেকে আগত মাধ্যমিক পাশ ছাত্রদের ক্ষেত্রে বিবেচ্য বিজ্ঞান বিভাগে (বাংলা মাধ্যম) ভর্তির জন্য-

(১) অন্য বিদ্যালয় থেকে আগত একজন ছাত্রকে সরাসরি ভর্তি হতে হলে বিজ্ঞানবিভাগে (বাংলা মাধ্যমে) ভর্তির জন্য মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ৬৩০নম্বর পেতে হবে এবং বিজ্ঞানের বিষয়গুলিতে (অর্থাৎ, অঙ্ক, ভৌতবিজ্ঞান এবং জীবনবিজ্ঞান এই তিনটি বিষয় মিলিতভাবে) ন্যূনতম ২৭০ নম্বর পেতে হবে। প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তাদের সরাসরি ভর্তি দেওয়া হবে আসন সংখ্যা পূরণ না হওয়া পর্যন্ত।

(২) বাংলা মাধ্যম বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য মোটের উপর ৮৫% নম্বর (৫৯৫) এবং বিজ্ঞান বিভাগে ৮৫% (২৫৫) নম্বর পেলে কোন ছাত্রকে ফর্ম দেওয়া হবে। সরাসরি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর যদি দেখা যায় যে আসন পূরণ হয় নি সেক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ২৭-৫-২০১৯ তারিখ বেলা ২ টোর সময় ভর্তি যোগ্য প্রার্থীদের মেধা তালিকা প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ- সরাসরি ভর্তির ক্ষেত্রে আগে আসলে আগে সুযোগ নীতি অনুসরণ করা হবে।

সরাসরি বানিজ্যবিভাগে ভর্তির জন্য-(বানিজ্য বিভাগের জন্য মোট আসন-৬০)

(১) অন্য বিদ্যালয় থেকে আগত ছাত্রকে বানিজ্য বিভাগে সরাসরি ভর্তির জন্য ৪০% নম্বর পেতে হবে। অঙ্ক নিতে হলে অঙ্কে সেই ছাত্রকে ন্যূনতম ৬০ নম্বর পেতে হবে। ICSE এবং CBSE বোর্ডের ক্ষেত্রেও ওই একই নীতি প্রযোজ্য। [এক্ষেত্রেও ঐচ্ছিকবিষয়ের নম্বর যোগ করা যাবেনা।]

(২) বানিজ্য বিভাগে ভর্তির জন্য সকল ছাত্রকেই ফর্ম দেওয়া হবে। সরাসরি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর যদি দেখা যায় যে আসন পূরণ হয় নি সেক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ২৭-৫-২০১৯ তারিখ বেলা ২ টোর সময় ভর্তি যোগ্য প্রার্থীদের মেধা তালিকা প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ- সরাসরি ভর্তির ক্ষেত্রে আগে আসলে আগে সুযোগ নীতি অনুসরণ করা হবে।

সরাসরি কলা বিভাগে ভর্তির জন্য-(কলা বিভাগে মোট আসন-৬০)

(১) অন্য বিদ্যালয় থেকে আগত মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র যারা একাদশ শ্রেণীতে কলা বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পরীক্ষায় ছাত্রকে সর্বমোট ন্যূনতম ৩৫০ (৫০%) নম্বর পেতে হবে (দর্শন, ইতিহাস, অর্থনীতি, সংস্কৃত, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইত্যাদি বিষয় নেওয়ার ক্ষেত্রে)। কোনো ছাত্র যদি ভূগোল নিতে চায় তাহলে তাকে অবশ্যই ভূগোলে ন্যূনতম ৬০ নম্বর পেতে হবে। অঙ্ক নিতে হলে অঙ্কে সেই ছাত্রকে ন্যূনতম ৬০ নম্বর পেতে হবে। কলা বিভাগে ভর্তির ক্ষেত্রে একজন ছাত্র যে বিষয়গুলি নির্বাচন করতে পারে সেগুলি হল- (বাংলা, হিন্দী ও ইংরাজী আবশ্যিক) দর্শন, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, ভূগোল, অর্থনীতি, অঙ্ক, কম্পিউটার অ্যাপ্লিকেশন।

(২) কলা বিভাগে ভর্তির জন্য অন্য বিদ্যালয় থেকে আগত একজন ছাত্র ৪৫% নম্বর পেলে তাকে ফর্ম দেওয়া হবে। সরাসরি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর যদি দেখা যায় যে মোট আসন পূরণ হয় নি সেক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ২৭-৫-২০১৯ তারিখ বেলা ২ টোর সময় ভর্তি যোগ্য প্রার্থীদের মেধা তালিকা প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ- সরাসরি ভর্তির ক্ষেত্রে আগে আসলে আগে সুযোগ নীতি অনুসরণ করা হবে।

তপশীল জাতি, তপশীল উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী এবং প্রতিবন্ধী ছাত্রদের ক্ষেত্রে -

অন্য বিদ্যালয় থেকে আগত বিজ্ঞান বিভাগে (বাংলা মাধ্যমে) সরাসরি ভর্তির জন্য কোন তপশীল জাতি, উপজাতি, অন্যান্য অগ্রসর শ্রেণী এবং প্রতিবন্ধী ছাত্রকে মাধ্যমিক পরীক্ষায় মোটের উপর ৮৫% (৫৯৫) পেতে হবে এবং বিজ্ঞানের বিষয়গুলিতে মিলিত ভাবে ৮৫% (২৫৫) পেতে হবে।

অন্য বিদ্যালয় থেকে আগত কলা বিভাগে একইভাবে ভর্তির জন্য কোন ছাত্রকে মাধ্যমিক পরীক্ষায় মোটের উপর ৪৫% (৩১৫) এবং ভূগোল নিলে ৫৫ নম্বর এবং অঙ্ক নিলে ৫৫ নম্বর পেতে হবে।

বানিজ্য বিভাগে সংরক্ষিত শ্রেণীর আবেদনকারী সকল ছাত্রকে ভর্তি করে নেওয়া হবে।

প্রধান শিক্ষক
বর্ধমান মিউনিসিপ্যাল হাই স্কুল